



জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়

২৪, মতিঝিলবা/এ, ঢাকা

ফোনঃ ০২-৯৫৫১৪১৪, ৯৫৫১৪২৩-২৪, ৯৫৫২০৪৭-৪৯, ৯৫৫৯০৪১-৪২, ৯৫৫৯৯৫১-৫২।

নম্বরঃ ৫৩.১৯.৯০০১.০০২.০০.০০০.২০-২১

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৭
৩০ মে, ২০২০

বিষয়ঃ দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব চলাকালে কর্পোরেশনের অফিসসমূহ খোলা রাখার ব্যাপারে নির্দেশনা।

দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব চলাকালে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ২৮ মে, ২০২০ তারিখের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০-১০৯-এ কতিপয় শর্তাধীনে নিজ নিজ অফিসসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় সীমিত পরিসরে খোলা রাখার নির্দেশনা জারি করা হয়েছে। সরকারের জারিকৃত উক্ত নির্দেশনা/শর্তসমূহের আলোকে কর্পোরেশনের শাখা, সেলস, কর্পোরেট ও রিজিওনাল অফিসসমূহ এবং প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিভিশন/বিভাগসমূহ খোলা রাখার বিষয়ে নির্দেশক্রমে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

১. অফিসসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় সীমিত পরিসরে খোলা রাখতে হবে। সম্ভব সম্ভবা নারী কর্মচারী এবং ঝুঁকিপূর্ণ ও অসুস্থ কর্মচারীগণ অফিসে আসবেন না। এজন্য প্রযোজ্য ক্ষেত্রে স্ব স্ব অফিস/ডিভিশন/বিভাগ তাদের কর্মকর্তা-কর্মচারীদের শিফটিং ডিউটি (সপ্তাহের কোন্ কোন্ দিনে কে কে ডিউটি করবে) নির্ধারণ করে দেবে;
২. সর্বাবস্থায় মাস্ক ব্যবহারসহ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ থেকে ১১/০৫/২০২০ তারিখ জারিকৃত স্বাস্থ্য বিধি (সংযুক্ত) সংক্রান্ত ১৩ টি নির্দেশনার মধ্যে ব্যক্তিপর্যায় অনুসরণযোগ্য নির্দেশনাসমূহ সকল কর্মকর্তা-কর্মচারী কঠোরভাবে মেনে চলবে;
৩. উক্ত স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনার মধ্যে দাপ্তরিকভাবে করণীয় কার্যাদি সংশ্লিষ্ট অফিস/ডিভিশন/বিভাগ ০১(এক) সপ্তাহের মধ্যে যথাযথভাবে বাস্তবায়ন করে এ সম্পর্কিত প্রতিবেদন ম্যানেজিং ডাইরেক্টর মহোদয় বরাবর দাখিল করবে;
৪. জরুরী ও অত্যাবশ্যকীয় ক্ষেত্র ব্যতীত দাপ্তরিক সকল সভা ভার্চুয়াল উপস্থিতিতে আয়োজন করতে হবে;
৫. করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব ও ব্যাপক বিস্তার রোধকল্পে সরকারের জারিকৃত নিষেধাজ্ঞা চলাকালে কর্মকর্তা-কর্মচারী কেউ কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।

জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে, যা সময়ের চাহিদার প্রেক্ষিতে পরিবর্তনযোগ্য।

স্বাক্ষরিত/-

সেখ কামাল হোসেন

জেনারেল ম্যানেজার-প্রশাসন

ফোন: ০২৯৫৫০৩৮১

বিতরণঃ কার্যার্থে/জ্ঞাতার্থে-

১. জেনারেল ম্যানেজার (সকল)-
২. জেনারেল ম্যানেজার-ই/ই, প্রধান কার্যালয়, ঢাকা-প্রধান কার্যালয়ের প্রতিটি কক্ষ, ফ্লোর, সিঁড়ি, বাথরুম, টয়লেট ও

চলমান পাতা-২



জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়

২৪, মতিঝিলবা/এ, ঢাকা

ফোনঃ ০২-৯৫৫১৪১৪, ৯৫৫১৪২৩-২৪, ৯৫৫২০৪৭-৪৯, ৯৫৫৯০৪১-৪২, ৯৫৫৯৯৫১-৫২।

পাতা-২

আঞ্জিনা/রাস্তা তাদের সুইপার/ক্লিনার/পরিচ্ছন্নতা কর্মী দ্বারা সার্বক্ষণিক পরিষ্কার-পরিচ্ছন্ন ও জীবাণুমুক্তকরণ, সংস্থাপন বিভাগ থেকে সরবরাহকৃত সুরক্ষার সামগ্রী (মাস্ক, গ্লোভস, ক্যাপ, হ্যান্ড স্যানিটাইজার, ইত্যাদি) ও থার্মাল স্ক্যানার/থার্মোমিটার সংগ্রহ করে তা দিয়ে কর্মকর্তা-কর্মচারী ও অফিসে আগমনকারীদের তাপমাত্রা পরীক্ষা করিয়ে এবং তাদের হাত সাবান-পানি দিয়ে ধোঁত করার নিমিত্ত অফিসের প্রবেশপথে বেসিনসহ পানির ট্যাপ সংযুক্তকরণের ব্যবস্থাকরণ, যাদেরকে এ কাজে নিয়োজিত করা হবে তাদের সুরক্ষার ব্যবস্থাকরণের জন্য;

৩. রিজিওনাল ইনচার্জ (সকল)-স্ব স্ব অফিসসহ অধীনস্থ অফিসসমূহে নির্দেশনাসমূহ অবহিত ও বাস্তবায়নের জন্য;
৪. ডিজিএম (সকল)-
৫. এজিএম-যানবাহন, প্রধান কার্যালয়, ঢাকা অফিস পরিবহনসমূহ জীবাণুমুক্তকরণ ও পরিবহনে একে অপর থেকে নিরাপদ দূরত্বে বসার ব্যবস্থাকরণের জন্য;
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট-আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা (আদেশখানা কর্পোরেশনের ওয়েবসাইট ও Facebook পেইজে আপলোড করার অনুরোধসহ);
৭. ম্যানেজার ও বোর্ড সেক্রেটারী, প্রধান কার্যালয়, ঢাকা;
৮. ম্যানেজার-সংস্থাপন, প্রধান কার্যালয়, ঢাকা-থার্মাল স্ক্যানার/থার্মোমিটার, জীবাণুনাশক স্প্রে করার জন্য স্প্রেমেশিন, হ্যান্ডড্রাই মেশিন, জীবাণুমুক্তকরণের ট্যানেল স্থাপন, মাস্ক, গ্লোভস, ক্যাপ, হ্যান্ড স্যানিটাইজার ইত্যাদির ব্যবস্থাকরণের জন্য;
৯. পিএস টু এমডি, প্রধান কার্যালয়, ঢাকা।